



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ৫২০


তারিখঃ ১৮/০৬/২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্প থেকে ল্যাপটপ ও ট্যাব ক্রয় বাবদ অগ্রীম সমন্বয় প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্প এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্পের মাইক্রোফাইন্যান্স সফটওয়্যারের কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনার স্বার্থে ল্যাপটপ ও ট্যাব ক্রয় এর বিপরীতে অগ্রীম প্রদান করা হয়েছে যা মে, ২০১৮ মাসের মধ্যে বাধ্যতামূলকভাবে সমন্বয়ের বিষয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক উপজেলায় এখনও পর্যন্ত অগ্রিমের সমুদয় অর্থ সমন্বয় হয়নি, যা আর্থিক শৃঙ্খলা পরিপন্থী। উল্লেখ্য, প্রকল্পের মেয়াদ জুন, ২০১৮ সমাপ্ত হবে। প্রকল্প মেয়াদের মধ্যে কোন অগ্রীম সমন্বয় না হলে উক্ত উপজেলার আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী হবেন।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
----- উপজেলা,
----- জেলা।


প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। উপপরিচালক, বিআরডিবি,----- জেলা।
- ২। উপ-প্রকল্প পরিচালক(ইরেসপো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)।
- ৬। হিসাব সহকারী (ইরেসপো)।
- ৭। মাঠ সংগঠক (ইরেসপো)।
- ৮। অফিস কপি।